



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশা প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

সূত্র নং : এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-১৯

তারিখ : ২৯ কার্তিক/১৪২০ বাংলা
১৩ নভেম্বর/২০১৩ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,


মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর বিধানাবলী পালনে
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণীয় নির্দেশনাবলী।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(এ-১,২) ধারার বিধান মোতাবেক বাংলাদেশে কার্যরত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে উল্লেখ করা হয়েছে। ইতোপূর্বে প্রতিটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের অনুসরণের জন্য ১৫ জুন, ২০১১ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এএমএল সার্কুলার নং- ২৭ জারি করা হয়, যা এমআরএ/সার্কুলার লেটার নং- রেগু-০৯, তারিখ: ১৩ জুলাই, ২০১১ ইং এর মাধ্যমে সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়।

উক্ত এএমএল সার্কুলার নং- ২৭, তারিখ ১৫/০৬/২০১১, অনুচ্ছেদ ৩(জ-অ,আ) এর আওতায় কোন অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন/প্রচলিত আইনের পরিপন্থী কার্যক্রম পরিলক্ষিত হয়ে থাকলে, তা বাংলাদেশ ব্যাংকে স্থাপিত 'বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট', বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর রিপোর্ট করার পরামর্শ প্রদান করা হয়েছিল। উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথ পরিপালিত হচ্ছে কিনা সে বিষয়ে আগামী ২১ নভেম্বর, ২০১৩ তারিখের মধ্যে অথরিটিকে অবহিত করতে পরামর্শ দেয়া হলো।

এতদ্ব্যতীত আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক পরবর্তী ষাণ্মাসিক হতে প্রেরিতব্য প্রতিবেদনে এএমএল সার্কুলার নং ২৭ তারিখ ১৫ জুন, ২০১১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালিত হচ্ছে মর্মে নিয়মিত প্রত্যয়ন পত্র সংযোজন করবেন।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ জিব্বার রহমান)

উপ-পরিচালক

ফোন: ০২-৮৩৩২২৭৮

ই-মেইল: dd_pcu@mra.gov.bd


অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১৩- ২০১৪-১৪০৯(৬৯১)

তারিখ: এ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ জিব্বার রহমান)

উপ-পরিচালক

ফোন: ০২-৮৩৩২২৭৮

ই-মেইল: dd_pcu@mra.gov.bd